

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং ২০৬-আইন/আয়কর-০১/২০২৩।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা উৎসে কর বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “আইন” অর্থ আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন);
- (খ) “অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি” অর্থ আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪০ এর দফা (১) এ সংজ্ঞায়িত ব্যক্তি;
- (গ) “চুক্তি” অর্থ আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪০ এর দফা (২) এ সংজ্ঞায়িত চুক্তি;
- (ঘ) “নির্দিষ্ট ব্যক্তি” অর্থ আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪০ এর দফা (৩) এ সংজ্ঞায়িত নির্দিষ্ট ব্যক্তি;
- (ঙ) “ব্যাংক ট্রান্সফার” অর্থ আয়কর আইন, ২০২৩ এর ধারা ২ এর দফা (৭২) এ সংজ্ঞায়িত ব্যাংক ট্রান্সফার;
- (চ) “পরিশোধ” অর্থ আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪০ এর দফা (৪) এ সংজ্ঞায়িত পরিশোধ
- (ছ) “ভিত্তিমূল্য” অর্থ আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪০ এর দফা (৫) এ সংজ্ঞায়িত ভিত্তিমূল্য ;
- (জ) “ধারা” অর্থ আয়কর আইন, ২০২৩ এর কোনো ধারা।

৩। ঠিকাদার, ইত্যাদির পরিশোধের বিপরীতে উৎসে কর কর্তন।—(১) আইনের ধারা ৮৯ এর অধীন উৎসে আয়কর কর্তনের হার নিম্নরূপ হইবে, যথা:-

- (ক) দফা (খ) এর সাপেক্ষে, ধারা ৮৯ এর অধীন অর্থ পরিশোধের ক্ষেত্রে, উক্তরূপ পরিশোধের উপর নিম্নবর্ণিত সারণী-১ এ উল্লিখিত হার অনুযায়ী আয়কর কর্তন করিতে হইবে:

২০।	লভ্যাংশ (১) কোম্পানি, তহবিল বা ট্রাস্ট (২) কোম্পানি, তহবিল বা ট্রাস্ট ব্যতীত অন্যান্য ব্যক্তি	২০% ৩০%
২১।	শিল্পী, গায়ক বা খেলোয়ার	৩০%
২২।	বেতন বা পারিশ্রমিক	৩০%
২৩।	পেট্রোলিয়াম অপারেশনের অনুসন্ধান বা ড্রিলিং	৫.২৫%
২৪।	কয়লা, তেল বা গ্যাস অনুসন্ধানের জন্য সমীক্ষা	২০%
২৫।	জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির সার্ভেয়ার ফি ইত্যাদি	৫.২৫%
২৬।	তেল বা গ্যাসক্ষেত্র এবং এর রপ্তানি পয়েন্টের মধ্যে সংযোগ স্থাপনের জন্য যেকোনো সেবা	৫.২৫%
২৭।	ব্যান্ডউইদ বাবদ পরিশোধ	১০%
২৮।	কুরিয়ার সার্ভিস	১৫%
২৯।	অন্য কোনো পরিশোধ	২০%

তবে শর্ত থাকে যে, যখন কোনো কোম্পানির শেয়ার হস্তান্তর হইতে কোনো মূলধনি আয় উদ্ভূত হয়, তবে, ক্ষেত্রমোতাবেক, উক্ত হস্তান্তর বাস্তবায়নের জন্য দায়ী ব্যক্তি বা কর্তৃপক্ষ উক্তরূপ হস্তান্তর কার্যকর করিবেন না যদি না উক্তরূপ হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনি আয়ের উপর কর পরিশোধ করা না হয়।

(২) যেইক্ষেত্রে বোর্ড, এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রাপ্ত আবেদনের ভিত্তিতে সন্তুষ্ট হইয়া আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এই মর্মে সনদ প্রদান করে যে, কোনো অনিবাসীকে কর চুক্তি বা অন্য কোনো কারণে বাংলাদেশে কোনো কর প্রদান করিতে হইবে না বা হ্রাসকৃত হারে কর প্রদান করিতে হইবে, সেইক্ষেত্রে উপ-বিধি (১) এ উল্লিখিত পরিশোধ কর কর্তন ব্যতিরেকে বা হ্রাসকৃত হারে কর কর্তনপূর্বক করা যাইবে।

৭৬। সম্পত্তি হস্তান্তর হইতে কর আদায়।—ধারা ১২৫ এর উদ্দেশ্যপূরণকল্পে, Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর section 17 এর sub-section (1) এর clauses (b), (c) বা (e) এর অধীন দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো নিবন্ধন কর্মকর্তা, নিম্নবর্ণিত দফা ও সারণীতে নির্ধারিত হারে কর পরিশোধ ব্যতীত, কোনো দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না।

(ক) নিম্নবর্ণিত বাণিজ্যিক এলাকায় অবস্থিত জমি বা জমিসহ বাড়ির জন্য প্রযোজ্য করহার:

## সারণী

ক্রমিক নং	বাণিজ্যিক এলাকার নাম	করহার
১।	ঢাকার গুলশান, বনানী, মতিঝিল, দিলকুশা, নর্থ সাউথ রোড, মতিঝিল সম্প্রসারিত এলাকাসমূহ ও মহাখালী	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২০,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
২।	ঢাকার কারওয়ান বাজার	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১২,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৩।	চট্টগ্রামের আগ্রাবাদ ও সিডিএ এভিনিউ	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৮,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৪।	নারায়ণগঞ্জ এবং ঢাকার বঙ্গবন্ধু এভিনিউ, বাড্ডা, সায়েদাবাদ, পোস্তুগোলা এবং গেন্ডারিয়া	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৮,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৫।	ঢাকার উত্তরা, সোনারগাঁও, জনপথ, শাহবাগ, পান্থপথ, বাংলামোটর এবং কাকরাইল	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১২,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৬।	ঢাকার নবাবপুর এবং ফুলবাড়িয়া	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ

তবে শর্ত থাকে যে, যদি জমিতে কোনো স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকে তবে, প্রতি বর্গ মিটারে ৮০০ (আটশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিল মূল্যের ৮% (আট শতাংশ) এর মধ্যে যাহা সর্বোচ্চ সেই হারে অতিরিক্ত কর প্রযোজ্য হইবে;

(খ) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত জমি বা জমিসহ বাড়ি এর জন্য প্রযোজ্য করহার:

## সারণী

ক্রমিক নং	এলাকার নাম	করহার
১।	ঢাকার উত্তরা (সেক্টর ১-৯), খিলগাঁও পুনর্বাসন এলাকা (১০০ ফিট রাস্তার পাশে), আজিমপুর, রাজারবাগ পুনর্বাসন এলাকা (বিশ্ব রোডের পাশে) এবং চট্টগ্রামের আগ্রাবাদ, হালিশহর, পাঁচলাইশ, নাসিরাবাদ, মেহেদিবাগ	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ

ক্রমিক নং	এলাকার নাম	করহার
২।	ঢাকার গুলশান, বনানী, বনানী ডিওএইচএস, ধানমন্ডি, বারিধারা ডিওএইচএস, মহাখালী ডিওএইচএস, বসুন্ধরা (ব্লক এ-জে), নিকেতন, বারিধারা	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১০,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৩।	ঢাকার রাজউক পূর্বাচল আবাসিক মডেল টাউন, বসুন্ধরা (ব্লক কে-পি) এবং ঝিলমিল আবাসিক এলাকা	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৩,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৪।	ঢাকার কাকরাইল, সেগুনবাগিচা, বিজয়নগর, ইস্কাটন, গ্রীনরোড, এলিফ্যান্ট রোড, ফকিরাপুল, আরামবাগ, মগবাজার (মূল রাস্তার একশত ফিটের মধ্যে), তেজগাঁও শিল্প এলাকা, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও প্রশাসনিক এলাকা, লালমাটিয়া, ক্যান্টনমেন্ট এবং চট্টগ্রামের খুলশী	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৫।	ঢাকার কাকরাইল, সেগুনবাগিচা, বিজয়নগর, ইস্কাটন, গ্রীনরোড, এলিফ্যান্ট রোড (মূল রাস্তার একশত ফিটের বাইরে)	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ২,৫০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৬।	গ্রীনরোড (ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকার রোড নং ৩ থেকে রোড নং ৮ পর্যন্ত)	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৫,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৭।	ঢাকার উত্তরা (সেক্টর ১০-১৪), নিকুঞ্জ (দক্ষিণ), নিকুঞ্জ (উত্তর), বাড্ডা পুনর্বাসন এলাকা, গেন্ডারিয়া পুনর্বাসন এলাকা, শ্যামপুর পুনর্বাসন এলাকা, আইজি বাগান পুনর্বাসন এলাকা ও টঞ্জি শিল্প এলাকা	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,২০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৮।	ঢাকার শ্যামপুর শিল্প এলাকা, পোস্তগোলা শিল্প এলাকা, জুরাইন শিল্প এলাকা	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,০০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
৯।	ঢাকার খিলগাঁও পুনর্বাসন এলাকা (একশত ফিটের কম প্রশস্ত রাস্তার পাশে), রাজারবাগ পুনর্বাসন এলাকা (চল্লিশ ফিট ও অন্যান্য অভ্যন্তরীণ রাস্তার পাশে)	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ১,৫০,০০০ টাকা যাহা সর্বোচ্চ
১০।	ঢাকার গোড়ান (চল্লিশ ফিট রাস্তার পাশে), হাজারীবাগ ট্যানারী এলাকা	দলিল মূল্যের ৮% বা কাঠাপ্রতি ৬০,০০০ টাকা যাহা সর্বোচ্চ

তবে শর্ত থাকে যে, যদি জমিতে কোনো স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকে তবে, প্রতি বর্গ মিটারে ৮০০ (আটশত) টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিল মূল্যের ৮% (আট শতাংশ) এর মধ্যে যাহা সর্বোচ্চ সেই হারে অতিরিক্ত কর প্রযোজ্য হইবে;

(গ) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত জমি বা জমিসহ বাড়ির জন্য প্রযোজ্য করহার:

ক্রমিক নং	এলাকার নাম	করহার
১।	দফা (ক) এবং (খ) তে বর্ণিত নয় এমন এলাকা যা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) এর আওতাধীন	দলিল মূল্যের ৮%
২।	গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, ঢাকা ও চট্টগ্রাম জেলা [রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) ব্যতীত] এবং যে কোনো সিটি কর্পোরেশন (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ব্যতীত) এবং ক্যান্টনমেন্ট বোর্ড	দলিল মূল্যের ৬%
৩।	জেলা সদরে অবস্থিত পৌরসভা	দলিল মূল্যের ৬%
৪।	অন্য যে কোনো পৌরসভা	দলিল মূল্যের ৪%
৫।	দফা (ক), (খ) এবং (গ) তে বর্ণিত নয় এমন যে কোনো এলাকা	দলিল মূল্যের ২%

১৬ক। রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হইতে কর সংগ্রহ।—ধারা ১২৬ এর উদ্দেশ্যপূরণকল্পে, Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর বিধান মোতাবেক কোনো ভূমি বা ভবন বা অ্যাপার্টমেন্ট হস্তান্তরের জন্য কোনো দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি, নিম্নবর্ণিত সারণীতে নির্ধারিত হারে হস্তান্তরকারী কর্তৃক কর পরিশোধ না করা পর্যন্ত, রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারী ব্যবসায় নিয়োজিত কোনো ব্যক্তির নিকট হস্তান্তরের দলিলাদি নিবন্ধন করিবেন না, যথা:-

(ক) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার:

ক্রমিক নং	এলাকার নাম	আবাসিক উদ্দেশ্যে নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার)	বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটার)
১	২	৩	৪
১.	ঢাকার গুলশান মডেল টাউন, বনানী, বারিধারা, মতিঝিল বাণিজ্যিক এলাকা এবং দিলকুশা বাণিজ্যিক এলাকা	১ (এক) হাজার ৬০০ (ছয়শত) টাকা	৬ (ছয়) হাজার ৫০০ (পাঁচশত) টাকা
২.	ঢাকার ধানমন্ডি আবাসিক এলাকা, ডিফেন্স অফিসার্স হাউজিং সোসাইটি (ডিওএইচএস), মহাখালী, লালমাটিয়া হাউজিং সোসাইটি, উত্তরা মডেল টাউন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট এলাকা, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা এবং চট্টগ্রামের পাঁচলাইশ আবাসিক এলাকা, খুলশি আবাসিক এলাকা, আগ্রাবাদ এবং নাসিরাবাদ	১ (এক) হাজার ৫০০ (পাঁচশত) টাকা	৫ (পাঁচ) হাজার টাকা
৩.	ক্রমিক নং (১) এবং (২) এ বর্ণিত নহে তবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনে অবস্থিত	১ (এক) হাজার টাকা	৩ (তিন) হাজার ৫০০ (পাঁচশত) টাকা
৪.	অন্যান্য সিটি কর্পোরেশনে অবস্থিত	৭০০ (সাতশত) টাকা	২ (দুই) হাজার ৫০০ (পাঁচশত) টাকা
৫.	ক্রমিক নং (১), (২), (৩) ও (৪) এ উল্লিখিত এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত	৩০০ (তিনশত) টাকা	১ (এক) হাজার ২০০ (দুইশত)

(খ) নিম্নবর্ণিত এলাকায় অবস্থিত ভূমির ক্ষেত্রে এবং যেইসব ক্ষেত্রে Stamp Act, 1899 (Act No. II of 1899) এর অধীন Stamp duty প্রযোজ্য সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য করহার:

ক্রমিক নং	এলাকার নাম	করহার
১।	ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী এবং চট্টগ্রাম জেলা	দলিল মূল্যের ৫% (পাঁচ শতাংশ)।
২।	অন্য যেকোনো জেলা	দলিল মূল্যের ৩% (তিন শতাংশ)।]